দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 4 AUG 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ......

# ঢাবির মনোনীত ভিসি প্যানেলের কার্যকারিতা স্থগিত

## চার সপ্তাহের মধ্যে রুল নিষ্পত্তির নির্দেশ

■ ইত্তেফাক রিপোর্ট

আটকে গেলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভাইস-চ্যান্সেলর (ভিসি) নিয়োগ। সিনেটের বিশেষ সভায় তিনজনের নাম চূড়ান্ত করে মনোনীত ভিসি প্যানেলের কার্যকারিতা স্থগিত করেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। একইসঙ্গে সিনেটের ওই বিশেষ সভা কেন বেআইনি ঘোষণা করা হবে না মর্মে জারিকৃত রুল চার সপ্তাহের মধ্যে নিষ্পত্তির জন্য হাইকোর্টকে বলা হয়েছে। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের তিন বিচারপতির বেঞ্চ গতকাল বৃহস্পতিবার এই আদেশ দেন। আপিল বিভাগ বলেছে, রুল বিচারাধীন থাকাবস্থায় যদি ভিসি পদের মেয়াদ অতিক্রম করে তাহলে মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বর্তমান ভিসিই দায়িত্ব পালন করতে পারবেন।

গত ২৪ জুলাই বিচারপতি তারিক-উল হাকিমের নেতৃত্বাধীন হাইকোর্টের ডিভিশন বেঞ্চ সিনেটের বিশেষ সভা স্থগিত করে দেয়। একইসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর ২০(১) ধারা অনুযায়ী সিনেট গঠন না করে ডাকা ওই সভা কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করে আদালত। সভা স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশ স্থগিত চেয়ে আবেদন করে ঢাবি কর্তৃপক্ষ। ওই আবেদনের পরিপ্রেক্ষিতে আপিল বিভাগের চেম্বার আদালত হাইকোর্টের আদেশ স্থগিত করে। ফলে গত ২৯ জুলাই ঢাবির সিনেটের বিশেষ সভা অনুষ্ঠিত হয়। ওই সভায় বর্তমান ভিসি আ আ ম স আরেফিন সিদ্দিকসহ তিনজনের নাম উল্লেখ করে ভিসি প্যানেল মনোনীত করা হয়। গতকাল এ সংক্রান্ত বিষয়ে শুনানি শেষে আপিল বিভাগ প্যানেলের কার্যকারিতা স্থগিত করে দেয়। আবেদনের পক্ষে আইনজীবী অ্যাডভোকেট আব্দুল মতিন খসরু ও রিটকারী পক্ষে ব্যারিস্টার রোকনউদ্দিন মাহমুদ শুনানি করেন।

ভিসি প্যানেল মনোনয়নের জন্য সিনেট সদস্যদের সভা আহ্বান করে গত ১৬ জুলাই চিঠি ইস্যু করে ঢাবি'র রেজিস্ট্রার। বিশেষ সভার এই চিঠির বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন অধ্যাপক মোহাম্মদ আব্দুস সামাদসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২ জন শিক্ষক এবং তিনজন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধিসহ ১৫ জন।